



# নির্বাচন কমিশন মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।



ISO 9001:2015 Certified

## এলাকা পরিচালক নির্বাচন ও বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সম্মানিত গ্রাহক-সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র পবিস এর পরিচালনা বোর্ড কর্তৃক আগামী ২৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার ১৫তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত নং- (১২/২০৮/২০২২) গৃহীত হইবার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সময় সূচী অনুযায়ী এলাকা পরিচালক নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ করা হইবে :

এলাকা নং	আওতাভুক্ত ইউনিয়ন/পৌরসভা	উপজেলা	পরিচালকের মেয়াদকাল	ভোট কেন্দ্র	ভোট গ্রহণের তারিখ ও বার	ভোট গ্রহণের সময়
০৩	আব্দুল্লাপুর, বেতকা, আউটশাহী, আড়িয়াল, বালিগাঁও, সোনারং-টংগিবাড়ী, ধীপুর, কাঠাদিয়া-শিমুলিয়া, যশলং, দিঘীরপাড়া, কামারখাড়া, পাঁচগাঁও, হাসাইল-বানারী, চরআত্রা, নওপাড়া, কাঁচিকাটা ও কুন্ডের চর (আংশিক)।	টংগিবাড়ী নড়িয়া (আংশিক), ভেদেরগঞ্জ (আংশিক), জাজিরা (আংশিক)।	এলাকা পরিচালকের পদ শূন্য হওয়ার কোন কারণ না ঘটিলে ০৩ বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যথা আগে ঘটবে।	সোনারং সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, সোনারং, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।	০৫/০২/২০২৩ খ্রিঃ, রবিবার	সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ০৪ঃ০০ ঘটিকা পর্যন্ত।
০৫	লতকী, বালুরচর, চর বয়রাগাদী, ইছাপুরা, জৈনসার, মালখানগর, মধ্যপাড়া, কোলা, রতনিয়া ও বাসাইল।	সিরাজদিখান(আংশিক)।	এলাকা পরিচালকের পদ শূন্য হওয়ার কোন কারণ না ঘটিলে ০৩ বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যথা আগে ঘটবে।	ইছাপুরা সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, ইছাপুরা, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০৭/০২/২০২৩ খ্রিঃ, মঙ্গলবার	সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ০৪ঃ০০ ঘটিকা পর্যন্ত।
০৬	কেয়াইন, রাজানগর, শেখরনগর, চিত্রকোট, বারইখালি(আংশিক), হাসাড়া, বীরতারা, তন্তুর, আটপাড়া ও ষোলঘর।	সিরাজদিখান(আংশিক)। শ্রীনগর(আংশিক)।	এলাকা পরিচালকের পদ শূন্য হওয়ার কোন কারণ না ঘটিলে ০৩ বৎসর বা নির্বাচনী ফলাফল ঘোষনার পরবর্তী তৃতীয় বার্ষিক সদস্য সভা পর্যন্ত যথা আগে ঘটবে।	গুলপুর উচ্চ বিদ্যালয়, নিমতলা, কেয়াইন, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০৯/০২/২০২৩ খ্রিঃ, বৃহস্পতিবার	সকাল ১০ঃ০০ ঘটিকা হতে বিকাল ০৪ঃ০০ ঘটিকা পর্যন্ত।

সংশ্লিষ্ট এলাকার সম্মানিত গ্রাহক-সদস্যগণকে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতঃ নির্বাচনে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে। বিস্তারিত অবগতির জন্য এলাকা পরিচালক নির্বাচন জ্ঞাতব্য বিজ্ঞপ্তি এবং বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি বিদ্যুৎ বিলের সহিত প্রেরণ করা হইতেছে। ইহা ছাড়াও মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরসহ নির্বাচন সংশ্লিষ্ট এলাকার জোনাল অফিস, সাব-জোনাল অফিস, এরিয়া অফিস ও অভিযোগ কেন্দ্র এবং প্রযোজ্য ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা এর কার্যালয়ের নোটিশ বোর্ডে নির্বাচন জ্ঞাতব্য বিজ্ঞপ্তি এবং বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি সম্মানিত গ্রাহক-সদস্যগণের অবগতির জন্য দেওয়া হইতেছে।

মনোজ কুমার সাহা

রিটার্নিং অফিসার ও নির্বাচন কমিশন প্রধান

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

উপ-পরিচালক (কারিগরী), এসইএভডি পরিদপ্তর,

বাপবিবো, ঢাকা।